# Times Today BD

নূর আলম | দেশজুড়ে | 26 June, 2025

নেত্রকোণার দুর্গাপুর উপজেলার সীমান্ত এলাকা থেকে মালিকবিহীন ৭০ বোতল ভারতীয় অফিসার্স চয়েজ ব্র্যান্ডের মদ জব্দ করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।জব্দকৃত মাদকদ্রব্য শিগগিরই মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কাছে হস্তান্তর করা হবে।

বৃহস্পতিবার (২৬ জুন) বেলা সাড়ে ১২টার দিকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেন ৩১ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল এ এস এম কামরুজ্জামান (পিবিজিএম)।

তিনি জানান, সকালে ৩১ বিজিবির অধীনস্থ বিজয়পুর বিওপির চার সদস্যের একটি বিশেষ টহল দল নিজস্ব গোয়েন্দা তথ্যের ভিত্তিতে সীমান্ত এলাকায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করে।

অভিযানকালে কুল্লাগড়া ইউনিয়নের পশ্চিম বিজয়পুর নামক স্থানে, সীমান্ত পিলার ১১৫০/২-এস থেকে প্রায় ৩০০ গজ ভেতরে বাংলাদেশের ভূখণ্ডে পরিত্যক্ত অবস্থায় এসব মদ উদ্ধার করা হয়।

বিজিবির পক্ষ থেকে জানানো হয়েছে, সীমান্ত এলাকায় চোরাচালান রোধে নিয়মিত অভিযান অব্যাহত থাকবে।

বিজিবি জব্দ মাদক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 22:05

URL: https://www.timestodaybd.com/across-the-country/9450113772